



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

সার্কুলার লেটার নং আইসিটিবি-০১/২০১৭

তারিখ: ২৭-০৪-২০১৭

বিষয়: দাপ্তরিক কাজে বাংলা ভাষায় কম্পিউটার মুদ্রণের সমরূপতা নিশ্চিতকরণ।


শিরোনামে বর্ণিত বিষয়ে আইসিটি বিভাগের ৩০-১১-২০১৬ তারিখের আইসিটিবি-০১/২০১৬ নম্বর পরিপত্র মারফত অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা যথাযথভাবে পরিপালন ও বাস্তবায়নের লক্ষ্যে ব্যাংকের সকল বিভাগ/কার্যালয়/দপ্তর/শাখায় দাপ্তরিক কাজে বাংলা ইউনিকোড ব্যবহার নিশ্চিত করার জন্য পরামর্শ দেয়া হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলা ইউনিকোড ব্যবহার সংক্রান্ত প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে অনুসৃত হচ্ছে না।

এমতাবস্থায় ব্যাংকের সর্বস্তরে দাপ্তরিক কাজে বাংলা ইউনিকোড ব্যবহার বাস্তবায়ন অগ্রগতির বিবরণী নিম্নোক্ত ছক অনুযায়ী প্রতি মাসের ২৫ তারিখের মধ্যে dgmiect@rakub.org.bd ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো।

ছক: বাংলা ইউনিকোড ব্যবহার বাস্তবায়নের অগ্রগতি

ক্রঃ নং	কার্যালয়/দপ্তর/বিভাগ//সংশ্লিষ্ট শাখার নাম	প্রতিবেদনাধীন মাস	বাংলা ইউনিকোড ব্যবহার করা হয় কিনা		বাংলা ইউনিকোড ব্যবহার বাস্তবায়ন না হওয়ার কারণ	বাংলা ইউনিকোড ব্যবহার বাস্তবায়নের সম্ভাব্য তারিখ
			হ্যাঁ	না		
০১।						

উল্লেখ্য, শাখাসমূহ/জোনাল নিরীক্ষা কার্যালয় উক্ত বিবরণী জোনাল কার্যালয়ে প্রেরণ করবে। অনুরূপভাবে জোনাল কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয় বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করবে। বিভাগীয় কার্যালয় যে সকল শাখা/কার্যালয়ে বাংলা ইউনিকোড ব্যবহার বাস্তবায়ন হয়নি সেগুলো হতে পাস্ত বিবরণী এবং যে সকল শাখা/কার্যালয়ে বাস্তবায়ন হয়েছে সেগুলোর ক্ষেত্রে শুধুমাত্র তালিকা তৈরি করে আইসিটি বিভাগে প্রেরণ করবে। অন্যান্য কার্যালয় বিবরণী সরাসরি আইসিটি বিভাগে প্রেরণ করবে।



(মোঃ মিজানুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

প্রকা/আইসিটিবি-১৪/২০১৬-২০১৭/ ৬২৭ (৪৫১)

তারিখ: ২৭-০৪-২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। অধ্যক্ষ প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। প্রজেক্ট ডাইরেক্টর, এসইসিপি, সিপিও, রাজশাহী।
- ১০। ব্যবস্থাপক এলপিও/ঢাকা কর্পোরেট শাখা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। অফিস নথি।


২৭.০৪.১৭.

(মোঃ আবুল কালাম)
সিনিয়র মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (সমব্য)